

তারিখ: ২৭ জুলাই, ২০২০

বাংলাদেশ দলিত ও বঞ্চিত জনগোষ্ঠী অধিকার আন্দোলন (বিডিইআরএম) এর সভাপতি মণি রানী দাস ও সাধারণ সম্পাদক উত্তম কুমার ভক্ত জনাব মোঃ ইসরাফিল আলম এমপি এর মৃত্যুতে নিম্নোক্ত শোক বার্তাটি প্রদান করেন।

শোক বার্তা

নওগাঁ-৬ (আত্রাই-রানীনগর) আসনের সংসদ সদস্য মো. ইসরাফিল আলমের মৃত্যুতে 'বাংলাদেশ দলিত ও বঞ্চিত জনগোষ্ঠী অধিকার আন্দোলন (বিডিইআরএম)' গভীর শোক প্রকাশ করছে।

জনাব মো. ইসরাফিল আলম 'বাংলাদেশ দলিত ও বঞ্চিত জনগোষ্ঠী অধিকার আন্দোলন (বিডিইআরএম)' এর উপদেষ্টা এবং দলিত বিষয়ক সাউথ এশিয়ান পার্লামেন্টারিয়ান ফোরাম এর যুগ্ম আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১৯ সালের সেপ্টেম্বর মাসে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত কাজ ও পেশার ভিত্তিতে বৈষম্য বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে বিডিইআরএম এর উপদেষ্টা হিসেবে বাংলাদেশের দলিতদের প্রতিনিধিত্ব করেন।

বিডিইআরএম এর উপদেষ্টা মরহুম ইসরাফিল আলম এর বিদেহী আত্মার মাগফিরাত কামনা এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে বিডিইআরএম এর নেতৃবৃন্দ শোক বার্তায় বলেন, 'ইসরাফিল আলম এমপি মহোদয় বাংলাদেশের দলিত ও বঞ্চিত জনগোষ্ঠীর জীবনমান ও মানবাধিকার সুরক্ষায় সর্বোচ্চ অবদান রেখেছেন। একজন সাংসদ হিসেবে তিনি সর্বদাই এই পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সুখ-দুঃখের কথা সর্বক্ষেত্রে তুলে ধরতেন। তাঁর মৃত্যু বাংলাদেশের দলিত আন্দোলনে এক অপূরণীয় ক্ষতি।'

বিডিইআরএম নেতৃবৃন্দ মরহুম মোঃ ইসরাফিল আলম, এমপি এর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

বার্তা প্রেরক, _____



শিপন কুমার রবিদাস

ছাত্র-যুব বিষয়ক সম্পাদক

বাংলাদেশ দলিত ও বঞ্চিত জনগোষ্ঠী অধিকার আন্দোলন (বিডিইআরএম)

মোবাইল: ০১৭৩৭২৫৬৯১৯।